দর্শনায় গাঁজা ও নিয়মিত মামলার আসামীসহ গ্রেফতার-৬

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশ বিশেষ অভিযান চালিয়ে ১ কেজি গাঁজাসহ ও নিয়মিত মামলার আসামীসহ ৬ জনকে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

সোমবার (১০ ফেব্রয়ারী) গভীর রাতে দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীরের নেতৃত্বে, দর্শনা থানার এস আই মাসুদুর রহমান আসামিদের নিজ নিজ বাড়ি অভিযান চালিয়ে নিয়মিত মামলার ৫ আসামীকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃত আসামী হলো দর্শনা থানার বেগমপুর ইউনিয়নের কৃষ্ণপুর বোয়ালিয়া গ্রামের মৃত্যু জাফর আলীর ছেলে সালাউদ্দিন (৩৩), নবগঠিত নেহালপুর ইউনিয়নের কুন্দিপুর গ্রামের সৈয়দ আলীর ছেলে জামাল উদ্দিন (৫৫) একই ইউনিয়নের রমজান মন্ডলের ছেলে মফিজুল ইসলাম
(৪৬) ও দর্শনা পৌরসভার কলেজ পাড়ার মহিদুল ইসলামের ছেলে জি আর মামলার আসামী রনি (২৯) ও দর্শনা শান্তি পাড়ার মৃত্য ওয়াসিমের ছেলে, সজল ওরফে সুজনকে (২২) গ্রেফতার করে।

অপরদিকে সোমবার দুপুর সাড়ে ১২ টার দিকে দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে দর্শনা পুরাতন বাজার টু পরানপুরগামী মেসার্স হাবলু ট্রেডার্স নামক মুদি দোকানের সামনে পাঁকা রাস্তার উপর তার ব্যবহারিত পাখিভ্যান তল্লাশি করে ১ কেজি গাঁজাসহ সুমনকে
(৪২) গ্রেফতার করে।

গ্রেফতারকৃত সুমন দর্শনা থানার কুড়ালগাছি ইউনিয়নের চন্ডিপুর গ্রামের আবুল বাশারের ছেলে। গতকালই তাদের ৬ জনকে গ্রেফতার পূর্বক চুয়াডাঙ্গা বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে।

দামুড়হুদায় কৃষি প্রযুক্তি প্রদর্শন মেলার উদ্বোধন

দামুড়হুদায় তিনদিন ব্যাপী কৃষি প্রযুক্তি প্রদর্শন মেলার উদ্বোধন করা হয়েছে।

সোমবার বেলা ১১টার সময় উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে “এসো দেশ বদলায় পৃথিবী বদলায়” এই স্লোগানকে সামনে রেখে প্রথমে বর্ণাঢ্য রেলি ও রেলি শেষে মেলার শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক মোঃ মাসুদুর রহমান সরকার।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আগে ছিলো খোরপোশ কৃষি আর এখন আমরা করছি বানিজ্যিক কৃষি। আমরা দেখেছি বাজার মূল্য বেড়ে গেলেও সমস্যা আবার কমে গেলেও সমস্যা। আগে আমরা শীতকালীন পেয়াজ করতাম, এখন আমরা গ্রীষ্মেও পেয়াজ তৈরি করছি। আমরা যে পরিমাণে সবজি খায় তার থেকে জাপানে অনেক বেশী পরিমাণে সবজি খায়, আমাদের খাদ্য অভ্যাস পরিবর্তন করতে হবে।

একটি প্লেটে অর্ধেক ভাত হতে হবে এবং বাকি অর্ধেক হতে হবে সবজি। এই মেলায় মোট ১৪টি স্টল হয়েছে, আমরা এই মেলার মাধ্যমে অনেক গুলো প্রযুক্তি দেখলাম। সেগুলো আমাদের জৈব সারের মাধ্যমে প্রযুক্তি গুলো মাঠে ঘাটে এগুলোর বাস্তবায়ন করতে হবে। তিনদিন ব্যাপী এই কৃষি মেলায় যেসব স্টল হয়েছে এবং সেখানে যে সকল প্রযুক্তি করা হয়েছে সেগুলো আমাদের কৃষিতে ব্যাবহার করে কৃষির উন্নয়ন সাধন করতে হবে।

দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা মোছাঃ মমতাজ মহল এর সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন প্রতিনিধি অনিক, আব্দুর রহিম।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা অতিরিক্ত কৃষি সম্প্রসারণ অফিসার অভিজিৎ কুমার বিশ্বাস, অনুষ্ঠানে কোরআন থেকে তেলওয়াত করেন উপজেলা জামে মসজিদের ঈমাম আশরাফুল আলম।

গাড়ল পালন করে জিরো থেকে হিরো চুয়াডাঙ্গার তোতা মিয়া

গাড়ল পালন করে জিরো থেকে হিরো হয়েছেন চুয়াডাঙ্গা জেলার দর্শনা নাস্তিপুর গ্রামের তোতা মিয়া। মাত্র ১ গাড়ল দিয়ে শুরু করে এখন প্রায় ৭০ টি গাড়লের মালিক হয়েছেন।

তোতা মিয়া বলেন, আমার ছেলে ১ টি গাড়ল কিছু দিন লালন পালনের পর বিক্রি করে দিতে চাইলে আমি তা রেখে দিই। কিছুদিন পর আমি আরও একটি গাড়ল সংগ্রহ করে জোড়া করার পর, আল্লাহর রহমতে এখন আমার প্রায় ৭০ টি গাড়ল হয়েছে । আমি ১৫ বছর ধরে গাড়ল পালন করছি। আমি এখন পর্যন্ত মোট ৯ লক্ষ ৫০ হাজার টাকার গাড়ল বিক্রি করছি এবং আরো ৭০ টি মতো গাড়ল আছে আপনারা দেখতে পাচ্ছেন।

রোগ সম্পর্কে তোতা মিয়া বলেন গাড়লের জ্বর, ঠান্ডা, কৃমিসহ কয়েকটি রোগ হয়। সেক্ষেত্রে সঠিকভাবে ডাক্তারের মাধ্যমে ওষুধ খাওয়ালে ঠিক হয়ে যায়।

গাড়লের পরিচর্যা সম্পর্কে বলেন, আমি প্রতিদিন সকালে ৯ টার সময় মাঠে এসে চারানো শুরু করি এবং বিকাল ৫ টায় বাসায় নিয়ে চলে যাই । মাঠে উন্মুক্ত স্থানে চরানোর কারণে সবুজ ঘাস খেতে পারছে। ঘুরে ঘুরে সবুজ ঘাস খাওয়ার কারণে গাড়ল সুস্থ থাকার পাশাপাশি আমার খাবার খরচ লাগছে না । খাবার খরচ না থাকায় আমার পুরোটাই লাভ হচ্ছে।

গাড়ল নিয়ে ভবিষ্যৎ পরিকল্পনা কি আছে জানতে চাইলে তোতা মিয়া জানায় আল্লাহ আমাকে যতদিন বাঁচিয়ে রাখবে ততদিন আমি এভাবেই গাড়ল পালন করে যাব। তিনি আরও বলেন আপনারা যারা গাড়ল পালন করবেন, একটু দেখাশোনা করলেই এখান থেকে আপনারা সফলতা পাবেন ইনশাআল্লাহ ।

দামুড়হুদায় অনলাইন দেশ চ্যানেলের প্রতিষ্ঠাবার্ষিকী পালন

দামুড়হুদা প্রেসক্লাবে অনলাইন দেশ চ্যানেলের ৪র্থ বর্ষে পদার্পণে প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়েছে।

রবিবার সকাল ১১ টার সময় দামুড়হুদা প্রেসক্লাবে অনলাইন দেশ চ্যানেলের চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি হাফিজুর রহমান কাজল এর আয়োজনে প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়।

অনলাইন দেশ চ্যানেলের চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি হাফিজুর রহমান কাজলের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজোহা পলাশ, দামুড়হুদা মডেল থানার সাব ইন্সপেক্টর সবুজ, দামুড়হুদা থানা বিএনপির সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাশেম, দামুড়হুদা প্রেসক্লাবের সাংগঠনিক সম্পাদক মেহেরপুর প্রতিদিন পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি রকিবুল হাসান তোতা, দামুড়হুদা উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, বিএনপি নেতা সাবেক ইউপি সদস্য ইকরামুল হোসেন, উপজেলা যুবদল নেতা শওকত হোসেন।

এসময় আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা প্রেসক্লাব সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক দৈনিক কালবেলার দামুড়হুদা প্রতিনিধি শাহজালাল বাবু, সহ-সভাপতি দৈনিক সময়ের সমীকরণের দামুড়হুদা প্রতিনিধি মোজাম্মেল শিশির, দৈনিক মাথাভাঙ্গার বিশেষ প্রতিনিধি তাছির আহমেদ, দৈনিক কালের কন্ঠ দামুড়হুদা প্রতিনিধি সিনিয়র সাংবাদিক হাবিবুর রহমান হবি, দৈনিক আজকের খাসখবর পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি শেখ হাতেম, বাংলা এফেয়ার্সের দামুড়হুদা প্রতিনিধি রোকনুজ্জামান, দৈনিক এই আমার দেশ পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি আল সাফায়েত হোসেন, দৈনিক সকালের খোঁজখবর পত্রিকার দামুড়হুদা

প্রতিনিধি জহিরুল ইসলাম।

এ সময় বক্তরা বলেন, অনলাইন দেশ চ্যানেল একটি ব্যতিক্রমী চ্যানেল। যেখানে বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করা হয়। আমরা দেখেছি বৈষম্য বিরোধী ছাত্র জনতার আন্দোলনের মাঝে জীবনের ঝুঁকি নিয়ে সাংবাদিকরা ভিডিও ফুটেজ তৈরি করে দেশ চ্যানেলে প্রকাশ করেছিল।

এটাই সাহসিকতার পরিচয় সাংবাদিকদের। তখনই আমার বিশ্বাস অনলাইন দেশ চ্যানেল একটি ভালো সংবাদ মাধ্যম এবং বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করতে এরা পিছুপা হয় না তাই সাহসিকতার সাথে এই দেশ চ্যানেল পরিবারের সংশ্লিষ্ট সকল সাংবাদিকবৃন্দ এগিয়ে যাবেন এই প্রত্যাশা রইল। আমরা আছি আপনাদের সাথে সব সময়।

দামুড়হুদায় অজ্ঞাত গাড়ির সাথে ধাক্কা লেগে দুই যুবক নিহত

দামুড়হুদা পুরাতন বাস্তপুর অজ্ঞাত গাড়িতে ধাক্কা লেগে দুজন নিহত হয়েছে। নিহত নাহিদ (১৯) পুরাতন বাস্তপুর গ্রামের আমিনুল ইসলামের ছেলে ও সুইট (২৫) একই গ্রামের সেলিম উদ্দিনের ছেলে।

রাত এগারোটার দিকে পুরাতন বাস্তবপুর মাদ্রাসার আদরের কামারের দোকানের সামনে অজ্ঞাত অজ্ঞাত গাড়ির সাথে ধাক্কা লেগে দুই মোটরসাইকেল আহারি নিহত হয়েছে।

জানা যায়, দামুড়হুদা উপজেলার পুরাতন বাস্তবপুর গ্রামের আমিনুল ইসলামের ছেলে নাহিদ ও সেলিম উদ্দিনের ছেলে সুইট মোটরসাইকেল যোগে রঘুনাথপুর থেকে বাস্তপুরের দিকে যাওয়ার সময় কামারের দোকানের সামনে পৌঁছালে অপর দিক থেকে আসা অজ্ঞাত গাড়ির সাথে ধাক্কা লেগে দুইজন ঘটনাস্থলে নিহত হয়। স্থানীয় লোকজন ঘটনাস্থলে পৌঁছে পুলিশকে খবর দেয়।

পরে খবর পেয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ হুমায়ুন কবির ঘটনাস্থল পরিদর্শন করেন।

দামুড়হুদায় শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে প্রধান উপদেষ্টার ত্রাণ ভান্ডার হতে ৩ কিস্তিতে ২৯১টি শীতার্তদের মাঝে শীতবস্ত্র কম্বল বিতরণ করা হয়েছে।

রবিবার বেলা সাড়ে ১০ টার সময় হাউলী ইউনিয়ন পরিষদের আয়োজনে পরিষদ চত্বরে আনুষ্ঠানিক ভাবে বৃদ্ধ পুরুষ-মহিলা ও প্রতিবন্ধীদের মাঝে এসব শীতবস্ত্র কম্বল বিতরণ করা হয়।

গ্রামে একটা কথা চালু আছে ‘কারো পৌষ মাস, কারো সর্বনাশ’। শীতকাল বৃত্তবানদের কাছে অনেক সুখকর সময় মনে হলেও দুস্থ অসহায় মানুষের কাছে সর্বনাশই। কারণ শীতকাল এলেই ধনী বা মধ্যবিত্তরা বাহারি ডিজাইন ও নানা রঙের শীতের পোশাক কেনার ধুম পড়ে যায়।

আর যাদের সামান্য একটি শীতের পোশাক কেনার সামর্থ্য নেই, তাদের কাছে শীতকাল মানেই সর্বনাশ। তাদের কছে সরকারি কম্বলই একমাত্র সম্বল। বরাবরের মতো এবারও এসব অসহায় ও দুস্থ মানুষের মাঝে শীতবস্ত্র পৌঁছে দিচ্ছে বাংলাদেশ সরকার।

হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন এর সভাপতিত্বে কম্বল বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী, সাধারণ সম্পাদক মোঃ নাফিজ আক্তার সিদ্দিকী, হাউলী ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা মনিরুজ্জামান, ট্যাগ অফিসার আতিকুর রহমান, ৩ নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক, ৬ নং ওয়ার্ড বিএনপির সভাপতি রোকনুজ্জামান বাবু, দামুড়হুদা থানা যুবদলের সদস্য মমিনুল ইসলাম, হাউলী ইউনিয়ন ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক ফারুক মল্লিক, ইউপি সদস্য রিকাত আলী, সেলিমসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ক্যাশিয়ারের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

দুর্নীতি ও অর্থ আত্মসাতের মাধ্যমে কোটি টাকার সম্পদ অর্জনের অভিযোগ উঠেছে চুয়াডাঙ্গা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ক্যাশিয়ার উজ্জল বড়ুয়ার বিরুদ্ধে।

ফলে তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অধিদপ্তরের প্রধান প্রকৌশলী বরাবর লিখিত আবেদন করেন কক্সবাজার জেলার নির্বাহী প্রকৌশলী মো. মোস্তাফিজুর রহমান। ২০১৭ সালে কক্সবাজার জনস্বাস্থ্য প্রকৌশলীর কার্যালয়ে যোগদান করেন উজ্জ্বল বড়ুয়া। এ সময় তিনি বিভিন্ন অনিয়ম-দুর্নীতিতে জড়িয়ে পড়েন তিনি।

প্রধান প্রকৌশলী বরাবর লিখিত আবেদনে উল্লেখ করা হয়, চুয়াডাঙ্গা জনস্বাস্থ্য প্রকৌশল কার্যালয়ের ক্যাশিয়ার উজ্জল বড়ুয়া ২০১৭ সালে কক্সবাজার জনস্বাস্থ্য প্রকৌশলীর কার্যালয়ে অফিস সহকারি কাম কম্পিউটার অপারেটর হিসেবে যোগদান করেন। যোগদানের পর থেকেই বিভিন্ন দুর্নীতি ও অপকর্মের সঙ্গে জড়িয়ে পড়েন তিনি।

কক্সবাজার জেলা শ্রমিক লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক উজ্জল বড়ুয়া ছিলেন বাংলাদেশ জনস্বাস্থ্য প্রকৌশল শ্রমিক কর্মচারী ইউনিয়নের কক্সবাজার জেলার সাধারণ সম্পাদক। এই পদ ব্যবহার করেই অনিয়ম-দুর্নীতিতে লিপ্ত ছিলেন তিনি। ফলে একজন অফিস সহকারী হয়ে বিপুল সম্পদের মালিক বনে যান তিনি।

লিখিত আবেদনে আরও বলা হয়, কক্সবাজার জেলায় কর্মরত অবস্থায় বিভিন্ন উন্নয়ন কাজে ঠিকাদারের ইট, বালি ও সিমেন্ট সাপ্লায়ার হিসাবে পরিচিত ছিলেন তিনি। একইসঙ্গে উন্নয়নমূলক কাজে ব্যবহৃত মালামাল ল্যাবরেটরী টেষ্টে পাঠালে সরকারি হিসাবের চাইতে অধিক টাকা দাবী করতেন উজ্জল বড়ুয়া। দাবীকৃত টাকা না দিলে করতেন না ল্যাবরেটরী টেষ্ট। এছাড়াও টেষ্টে পাঠানো মালামাল ফেরত আসার পর ঠিকাদারদের বুঝিয়ে না দিয়ে সেগুলো তিনি নিয়ে নিতেন।

আওয়ামী লীগ সরকারের দপ্তর সম্পাদক ব্যারিষ্টার বিপ্লব বড়ুয়ার আস্থাভাজন হিসেবে পরিচিত ছিলেন উজ্জল বড়ুয়া। তার পদোন্নতিতে সুপারিশ করেন নির্বাচন কমিশন সচিব হেলাল উদ্দিন। বিপ্লব বড়ুয়া ও হেলাল উদ্দিনের সঙ্গে ঘনিষ্ঠতার জেরে এবং সেই সুবাদে ক্ষমতার অপব্যবহার করে রাতারাতি অফিস সহকারী থেকে ক্যাশিয়ার পদে পদোন্নতি হয় তার। উজ্জল বড়ুয়ার দাপটে সাধারণ ঠিকাদার থেকে শুরু করে নির্বাহী প্রকৌশলী পর্যন্ত কেউ তার বিরুদ্ধে কোন কথা বলার সাহস পেত না। হেলাল উদ্দিন সহ আওয়ামীলীগ ফ্যাসিষ্ট সরকারের বিভিন্ন পর্যায়ের ক্ষমতাশালী নেতার মাধ্যমে কক্সবাজারে দুর্নীতি পাহাড় গড়ে তুলেন উজ্জল বড়ুয়া।

উজ্জল বড়ুয়া চাকরীতে প্রবেশের জন্য ঘুষ দিতে গিয়ে পূর্বে চাকরীতে কর্মরত থাকা “কালব” এনজিও’র নয় লক্ষ টাকা আত্মসাৎ করেন। পরবর্তীতে ওই এনজিও তার বিরুদ্ধে অর্থ আত্মসাতের অভিযোগে মামলা করেন।

উজ্জল বড়ুয়া ২০১৭ সালে চাকুরিতে যোগদানের আগে ঝুপড়ি ঘরে বসবাস করলেও বর্তমানে তিনি বিলাসবহুল দ্বী-তল বিশিষ্ট ভবনের মালিক। এছাড়া তিনটি ট্রাক, একটি সিনজি, দুইটি দোকানসহ নামে-বেনামে বিপুল অর্থ বিত্ত গড়েছেন উজ্জল।

বিপুল অর্থ সম্পদের মালিক হওয়ার পর উজ্জল বড়ুয়া তার বোন ও আত্মীয় স্বজনদেরকে মারধর করেন। মারধরের ঘটনায় উজ্জলের বিরুদ্ধে আদালতে মামলা হয়েছে বলে উল্লেখ করা হয়েছে অভিযোগে।

উজ্জল বড়ুয়ার এসব অপকর্মের কারণে ক্ষোভ প্রকাশ করেছেন স্থানীয় সাধারণ জনগণ। তদন্ত করে তার এসব দুর্নীতির বিষয়ে আইনগত ব্যবস্থা গ্রহণের দাবী জানান তারা।

এ বিষয়ে উজ্জল বড়ুয়ার মোবাইলে একাধিকবার কল করা হলেও তিনি রিসিভ করেননি। ফলে তার বক্তব্য নেয়া সম্ভব হয়নি।

চুয়াডাঙ্গায় ড্রিম জাপান প্রতিষ্ঠানের শীর্ষক সেমিনার

চুয়াডাঙ্গায় জাপানে উচ্চ শিক্ষা চাকুরি এবং স্থায়ী বসবাসের সুযোগে শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকাল ১১ টায় চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সেমিনার রুমে ড্রিম জাপান স্টুডেন্ট কনসালটেন্সি আয়োজনে জাপানে উচ্চ শিক্ষা সহ বিভিন্ন সুযোগ সুবিধার শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়।

শীর্ষক সেমিনারের শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন হাফেজ রিয়াজুর রহমান রিদয়।এই শীর্ষক সেমিনারটি ড্রিম জাপান স্টুডেন্ট কনসালটেন্সি এর আয়োজনে অনুষ্ঠিত হয়। যেখানে জাপানে উচ্চ শিক্ষা চাকুরি এবং স্থায়ী বসবাসের সুযোগের সুবিধা এবং চ্যালেঞ্জ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়।

শীর্ষক সেমিনারে স্বাগত বক্তব্যে ড্রিম জাপান স্টুডেন্ট কনসালটেন্সি এর স্বত্বাধিকারী মুন্সি বিপ্লব বলেন,জাপানে অনেকের পড়ালেখা বা চাকরির সুযোগ এবং স্থায়ী বসবাসের সুযোগ থাকলেও বাস্তবায়ন করা সম্ভব হয় না। অনেকের মেধা এবং যোগ্যতা থাকা সত্বেও সঠিক মাধ্যমে না জানার কারণে আমরা এগিয়ে যেতে পারি না।ড্রিম জাপান স্টুডেন্ট কনসালটেন্সি প্রতিষ্ঠান সেই সকল মানুষদের জন্য সহযোগী প্রতিষ্ঠান হিসেবে কাজ করবে। এ সকল প্রক্রিয়া কিভাবে বাস্তবায়ন করতে হবে সেটির দিকনির্দেশনা আমরা ড্রিম জাপান প্রতিষ্ঠানের সকল কোর্সের মাধ্যমে দিব।

শীর্ষক সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা জামায়াত ইসলামের আমির ও কেন্দ্রীয় সুরা সদস্য রুহুল আমিন। এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আমরা যে কাজ বা কর্মে যুক্ত থাকি না কেন সেটি হতে হবে হালাল। হালাল পথে উপার্জনকারী কে আল্লাহ পছন্দ করেন। যার মেধা আছে দক্ষতা আছে সেগুলো সঠিক ভাবে কাজে লাগাতে হবে। সর্বত্র আমাদের আত্মমর্যাদায় বিশ্বাসী হতে হবে। সৎ এবং সত্যের পথে থেকে জীবন পরিচালনা করতে হবে। এ সময় তিনি ড্রিম জাপানের স্বত্বিকারীকে চুয়াডাঙ্গার মানুষের জন্য কাজ করাই ধন্যবাদ দেন এবং ড্রিম জাপানের সফলতা কামনা করেন।

বিশেষ অতিথি হিসেবে অনলাইনে যুক্ত হন জাপানের ইন্টারন্যাশনাল

বুদো ইউনিভার্সিটির প্রফেসর আকিকো কুদো। গ্রান্ড ওপেনিং এর সকল উপস্থিতিদের তিনি স্বাগত জানান এবং জাপানের এই কোর্সের সুযোগ সুবিধা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন তিনি।

এ সময় আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের ইংরেজি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর খন্দকার রোকনুজ্জামান, জীবননগর ডিগ্রি কলেজের প্রফেসর সাইফুল ইসলাম, আলমডাঙ্গা ডিগ্রি কলেজের প্রফেসর আব্দুল মালক,চুয়াডাঙ্গা আলিয়া মাদরাসার প্রভাষক আবু জায়েদ আনসারি সহ বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষক শিক্ষার্থী ও ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় বিএনপির উদ্যোগে কর্মী সমাবেশ অনুষ্ঠিত

দামুড়হুদায় ওয়ার্ড বিএনপির উদ্যেগে কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার রাত ৮টার দিকে দামুড়হুদা সদর ৪ নং ওয়ার্ডের উদ্যেগে কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়।

ওয়ার্ড বিএনপির সভাপতি আশরাফুল আলমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

এ সময় প্রধান অতিথি দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু বলেন, বিগত ১৬ বছর ধরে স্বৈরাচারী শেখ হাসিনার নেতৃত্বে যে অপকর্মগুলো করেছে তা ভাষায় প্রকাশ করা যাবে না আপনারা নিজে চোখেই দেখেছেন। পাপ বেশি হয়ে গিয়েছিল স্বৈরাচারি শেখ হাসিনার তাই ছাত্র জনতার তোপের মুখে এমপি মন্ত্রী ও নেতাকর্মীদের ফেলে ভারতে পালিয়ে যাই। এর মতো লজ্জার আর কিছু হয় না। বিএনপি দুর্নীতিকে প্রশ্রয় দেয় না দিবেনা। বিএনপি দল জনগণের পাশে ছিল জনগণের পাশে থাকবে ইনশাআল্লাহ ।

এ সময় কর্মী সভায় উপস্থিত ছিলেন উপজেলা বিএনপি’র যুগ্ম সাধারণ

সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রফেসর আবুল হাশেম, ইউনিয়ন বিএনপি’র সভাপতি আব্দুর রহিম , ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আনসার আলী, থানা বিএনপির নেতা রোকনুজ্জামান তোতাম ও আব্দুস সালাম,৪নং নম্বর ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আবুল আজাদ।

দামুড়হুদা উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আরিফ। ওয়ার্ড যুবদলের নেতা বাকীবিল্লাহ, সাইফুল ইসলাম মল্লিক, ফয়জুল খাঁ, আবু বক্কর সাইদুর, নয়ন জহিরুল ইসলাম , বাবু আবুজার, মন্টু, ডাবলু, শাহ আলম, আব্দুর রাজ্জাক রফিকুল ইসলাম,খোকন।
অনুষ্ঠানটি পরিচালনা করেন যুবদল নেতা ওমর ফারুক।

দর্শনা ভোরের সাথীর বিদায় উপলক্ষে একটি ছোট্ট কর্মসুচি পালিত

দর্শনা ভোরের সাথীর বিদায় উপলক্ষে একটি ছোট্র কর্মসুচি গ্রহন করা হয়। দর্শনা পৌর সভার নাইট গার্ড জয়নগর গ্রামের আলী হোসেন অবসরে চলে গেছে। ফলে সকালে আমাদের মাঝে তাকে পাওয়া যাবে না।

আলী হোসেনের সম্মানে গতকাল সকাল ৮টায় দর্শনা কলেজ মঞ্চে খেচুরী মাংশ খাওয়া-দাওয়া ও বিদায় অনুষ্ঠান করা হয়। এভাবে আলী হোসেন ভোরে আমাদের সাথে পাওয়া সম্ভব নয়। ফলে তাকে বিদায় জানাতে হলো। আমরা ভোরের সাথীরা মানষিক ভাবে আনন্দে ও সুস্থ্য থাকতে সকালে হাটাহাটি করে থাকি। দর্শনা ভোরের সাথী এমন একটি সংগঠন যেখানে অরাজনৈতিক, দল, ধর্ম,বণর্, মত ও পথের মানুষের অংশ গ্রহন রয়েছে। কলেজ চত্বরে হাটাহাটির পাশপাশি চলে নানা আড্ডা।

ফলে সারা দিনটিই কাটে ঝর-ঝরে ও আনন্দের মধ্যে। এ অনুষ্ঠানে ভোরের সাথীদের মধ্যে উপস্থিত ছিলেন, সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যন আব্দুল কাদের, সাবেক মেয়র আতিয়ার রহমান হাবু, বড়-সলুয়া

ডিগ্রী কলেজের অধ্যক্ষ আব্দুস সাত্তার, দর্শনা সরকারী কলেজের সাবেক ভিপি হারুন অর রশিদ, ঠিকাদার নাজমুল হুদা, দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি আওয়াল হোসেন, দক্ষিন চাঁদপুর

মাধ্যামিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক লিয়াকত আলী, সাবেক ব্যংকার বীর মুক্তিযোদ্ধা আনেয়ার হোসেন, সাবেক পুলিশ কর্মকতার্ খালিদ হাসান, সাবেক সেনা আব্দুল মালেক, স্বর্ণ ব্যবসায়ী শৈলেন কুমার শান্তারা, দর্শনা প্রেসক্লাবের অর্থ সম্পাদক মাসুম বিল্লাহ, দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক লুৎফর রহমান, ছাত্র সবুজ ও রাজু।

এছাড়া আরো উপস্থিত ছিলেন, ব্যবসায়ী সাজ্জাদ হোসেন, আব্দুল মজিদ, এসকে আলম, আলউদ্দিন ও ডিটু।